

বিশ্ব শিক্ষক দিবসে বঙ্গারা বেসরকারি বিদ্যালয়ের শিক্ষকদের চাকরি জাতীয়করণ আন্দোলনে ঝাঁপিয়ে পড়তে হবে

নিজস্ব বার্তা পরিবেশক

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক সমাজ বর্তমানে অবহেলিত ও বঞ্চিত বিশেষ করে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক সমাজ বর্তমানে মানবিক জীবনধারণ করছে। এ বয়স থেকে রক্ষা পেতে হলে বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের চাকরি জাতীয়করণ আন্দোলনে ঝাঁপিয়ে পড়তে হবে।

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে গুর্ভাকাল রাজধানীর শিক্ষক সমিতির নিজস্ব কার্যালয় সেকেন্ডারি টিচার্স টাওয়ার নিম্ননায়তনে অনুষ্ঠিত এক আলোচনা সভায় শিক্ষক নেতারা এ বক্তব্য রাখেন।

সভায় শিক্ষক সমিতির মহাসচিব ইয়াদ আলী খান বলেন, এবারের বিশ্ব শিক্ষক দিবসের প্রতিপাদ্য বিষয় 'শিক্ষকদের জন্য আহ্বানে' তিনি বেসরকারি শিক্ষক-কর্মচারীদের চাকরি জাতীয়করণের আহ্বান জানিয়ে তিনি বলেন, আন্দোলন সংগ্রাম ছাড়া অর্থাতে কোন দাবি আদায় হয়নি এখনও হবে না। তিনি সরকারের সমালোচনা করে বলেন, সরকার শুধু সরকারি কর্মচারীদের কণা বিবেচনা করে তাদের বহুমাত্রিক প্রদানের কণা বন্দেবেও দেশের প্রায় ৫ লাখ বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের জন্য কিছুই বলেননি।

সিনিয়র সহ-সভাপতি সৈয়দ জুলফিকার আলম চৌধুরী বেসরকারি শিক্ষকদের চাকরির নিরাপত্তার জন্য শিক্ষা আইন-২০১৩ এর শিক্ষকদের হস্তনির্মূলক ৫৮নং ধারাটি বাদ দেয়ার জন্য সরকারের প্রতি জোর দাবি জানান। সভাপতির বক্তব্যে এসএম আলী আশরাফ কবির দেশের মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের বাংলাদেশ শিক্ষক সমিতির পতাকাভালে আসার আহ্বান জানান। সভায় আরও বক্তব্য রাখেন মমতাজ বানম, একেএম আবুল বাশার, নূরুল ইসলাম আকন্দ, বলিপুর রহমান, শমসের আলী, আবদুর রহমান, আবদুল কুদ্দুস, ফজলুর রহমান, দিলশাদ বানম, মোস্তাফিজুর রহমান, এমদাদুল হক ও ব্যঙ্গ হরেন্দ্র নাথ মল্লিকদার।